



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আঞ্চলিক পরিচালকের কার্যালয়
কারিগরি শিক্ষা অধিদপ্তর
বরিশাল বিভাগ।



ওয়েবসাইট: www.rdobarishal.gov.bd
ই-মেইল: rdbarishal@gmail.com

স্মারক নং- ৫৭.০৩.০৬৫১.০০০.৯৯.০৪৬.২৩.

তারিখঃ ১৪/০৩/২০২৩ খ্রিঃ

বিষয়: “১৭ই মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর জন্মদিন ও জাতীয় শিশু দিবস-২০২৩” উদযাপনের লক্ষ্যে ১৪.০৩.২০২৩ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ ইসরাইল হোসেন, উপসচিব,
পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), কারিগরি শিক্ষা অধিদপ্তর, বরিশাল বিভাগ।
তারিখ ও সময় : ১৪.০৩.২০২৩ খ্রিঃ সময়ঃ বিকাল ৩.০০ ঘটিকা
স্থান : পরিচালকের কার্যালয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর, বরিশাল বিভাগ।

সভাপতি সভার প্রারম্ভে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করে উপস্থিত সকলকে স্বাগত জানান। তিনি আরো জানান জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর জন্মদিন ও জাতীয় শিশু দিবস আমাদের জাতীয় জীবনে বিশেষভাবে গুরুত্বপূর্ণ। বঙ্গবন্ধুকে টুঞ্জীপাড়ায় সমাহিত করা হয়েছে বলে টুঞ্জীপাড়ায় মূল অনুষ্ঠান পরিচালিত হলেও সারাদেশে যথাযোগ্য মর্যাদায় এ দিবস উদযাপন করা হয়। তিনি বলেন জাতির পিতার জন্মদিনে বাংলাদেশের সকল শিশু যাতে আনন্দ ও উৎসবের আমেজে দিনটি উদযাপন করে আগামী দিনের যোগ্য নাগরিক হিসেবে নিজেকে গড়ে তুলতে পারে সেজন্যই দিনটিকে জাতীয় শিশু দিবস হিসেবে উদযাপন করা হয়। প্রতি বছরের ন্যায় এ বছরও যথাযোগ্য মর্যাদায় “১৭ই মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর জন্মদিন ও জাতীয় শিশু দিবস-২০২৩” উদযাপন করা হবে জানিয়ে তিনি আঞ্চলিক পরিদর্শক জনাব মো. হুমায়ুন কবীর মুন্সী-কে সভার কার্যপত্র উপস্থাপনের অনুমতি দেন। সভায় বিস্তারিত আলোচনা শেষে “১৭ই মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর জন্মদিন ও জাতীয় শিশু দিবস-২০২৩” যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে নিম্নোক্ত কর্মসূচি পালনের সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচনার বিষয়	সিদ্ধান্ত
১৭ই মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর জন্মদিন ও জাতীয় শিশু দিবস-২০২৩ যথাযোগ্য মর্যাদায় পালন	১.১ সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন। ১.২ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ (জেলা প্রশাসনের সাথে সমন্বয় করে)। ১.৩ ১৭ই মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর জন্মদিন ও জাতীয় শিশু দিবস উপলক্ষ্যে কেককাটা। ১.৪ “উন্নত সোনারবাংলা বিনির্মাণে জাতির পিতার ভাবনা” বিষয়ক আলোচনা সভা (সকাল ১১.০০ ঘটিকা)। ১.৫ “বঙ্গবন্ধু ও বাংলাদেশের স্বাধীনতা” শিরোনামে রচনা প্রতিযোগিতার আয়োজন (ই-মেইল/ডাকযোগে)। ১.৬ কবিতা আবৃত্তি (বঙ্গবন্ধুর উপর লিখিত কবিতা) প্রতিযোগিতার আয়োজন। ১.৭ চিত্রাংকন প্রতিযোগিতা (শিশুদের জন্য)। ১.৮ দোয়া-মাহফিল (বাদ যোহর)।

২। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ

(মোঃ ইসরাইল হোসেন)
উপসচিব

পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
কারিগরি শিক্ষা অধিদপ্তর
বরিশাল বিভাগ

তারিখঃ ১৪/০৩/২০২৩ খ্রিঃ

স্মারক নং- ৫৭.০৩.০৬৫১.০০০.৯৯.০৪৬.২৩. ৮৭৫(৪)

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়) :

১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

২। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ।

৩। নোটিশ বোর্ড, অত্র দপ্তর।

৪। সংরক্ষণ নথি।

১৪.৩.২০২৩

(মোঃ ইসরাইল হোসেন)
উপসচিব

পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
কারিগরি শিক্ষা অধিদপ্তর
বরিশাল বিভাগ

ফোন : ০২৪৭৮৮৩০২১৪